

**হরতালেও আজ এইচএসসির
ভোকেশনালের পরীক্ষা**

যুগান্তর রিপোর্ট

জামায়াতে ইসলামীর ঢাকা আজ সোমবারের হরতালেও কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি ভোকেশনালের পরীক্ষা হবে। তবে আজ এইচএসসির আট সাধারণ বোর্ড, মজসাদ বোর্ড এবং কারিগরি বোর্ডের এইচএসসির ব্যবস্থা ব্যবস্থাপনা ও ডিপ্লোমা-ইন-কমার্শের কোনো পরীক্ষা নেই। কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. মো. রফিকুল ইসলাম খাঁর বলেন, এবারের এইচএসসি ভোকেশনালে প্রায় নয় হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করেছেন। আর এ পরীক্ষা দেশের ৬৪টি সরকারি টেকনিক্যাল স্কুলে প্রায়-বলেই কেন্দ্র অনুষ্ঠিত হবে। তাই পরীক্ষার ওপর কোনো প্রভাব ফেলবে না। নির্দিষ্ট সময়েই পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, আজ সোমবার সকালে এইচএসসি ভোকেশনালের নতুন ও পুরাতন সিলেবাসের উচ্চতর গণিত-১ ও গণিত-১ বিষয়ের পরীক্ষা রয়েছে।